

আহমদীয়া মুসলিম জামাতের প্রধানের ডেনমার্কে আগমন হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর তৃতীয় ডেনমার্ক সফর শুরু



আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব প্রধান, পঞ্চম খলিফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) গত ৪ মে ২০১৬ তারিখে লন্ডন থেকে এক সংক্ষিপ্ত ফ্লাইটে ডেনমার্কের কোপেনহেগেনে পৌঁছেছেন।

কোপেনহেগেন এয়ারপোর্ট পৌঁছার পর সম্মানিত হযরতকে আহমদীয়া মুসলিম জামা'ত ডেনমার্কের আমীর জনাব মুহাম্মদ জাকারিয়া খান স্বাগত জানান। এরপর সম্মানিত হযরতকে শোভাযাত্রা সহকারে নুসরাত জাহান মসজিদে নিয়ে যাওয়া হয় যেখানে শত শত নারী, পুরুষ ও শিশুরা তাঁকে স্বাগত জানান।



এরপর সম্মানিত হুযূর যোহর ও আসরের নামায়ের ইমামতি করেন এবং তারপর মসজিদ কমপ্লেক্স ঘুরে দেখেন যা সম্প্রতি সংস্কার ও সম্প্রসারণ করা হয়েছে।



সফর চলাকালে সম্মানিত হুযূর কোপেনহেগেনের নুসরাত জাহান মসজিদ থেকে তাঁর সাপ্তাহিক জুমু'আর খুতবা প্রদান করবেন এবং তাঁর আগমন উপলক্ষ্যে আয়োজিত এক বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানেও বক্তব্য রাখবেন।



সম্মানিত হুযূর বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিত্ব ও অতিথিদের সাথে সাথে ডেনমার্কে বসবাসরত আহমদীদের সাথেও একান্ত সাক্ষাৎ করবেন।